



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১৯.০০৬.১৯-৫১০

তারিখ: ০৬ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ।
২০ জুন, ২০২২ খ্রিস্টাব্দ।

বিষয়: স্থানীয় সরকার বিভাগ থেকে জারিকৃত আদেশ যথাযথভাবে প্রতিপালন প্রসংগে।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৬৩.০৩১.০৮.০০.০০১.২০১১(অংশ-১)-১৬১৭, তারিখ: ২৫ নভেম্বর, ২০১৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন পৌরসভায় প্রশাসনিক/দাপ্তরিক প্রয়োজনে পৌরসভায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে বদলি/পদায়ন করা হয়। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় ক্ষেত্রে বদলিকৃত/পদায়নকৃত কর্মস্থলের কর্তৃপক্ষ (সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/প্রশাসক) কর্তৃক কর্মকর্তা/কর্মচারীগণের যোগদানপত্র গ্রহণ না করে যথাসময়ে বিষয়টি মন্ত্রণালয়কেও অবহিত করা হয়না। ফলে বদলিকৃত/পদায়নকৃত কর্মকর্তা/কর্মচারী যোগদান ব্যতিরেকে ভাসমান অবস্থায় থাকে। এতে একদিকে পৌরসভার ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়, অপরদিকে মন্ত্রণালয়কেও বিরতকর অবস্থার সম্মুখীন হতে হয়, যা কোনভাবেই কাম্য নয়। এক্ষেত্রে মন্ত্রণালয়ের আদেশ অবজ্ঞা করা স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২(১)(ঘ) উপ-ধারা অনুযায়ী অসদাচরণ বা ক্ষমতার অপব্যবহারের সামিল এবং উক্ত আইনানুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

০২। সরকারের আদেশ যথাযথ বাস্তবায়নের ক্ষেত্রে পরবর্তীতে এধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট পৌরসভায় মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সকল প্রকার উন্নয়ন সহায়তা ও প্রকল্প সহায়তা বন্ধ রাখা হবে এবং স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। এমতাবস্থায়, সরকার কর্তৃক জারিকৃত সকল আদেশ যথাযথভাবে প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

২০/০৬/২০২২
(মো: আব্দুর রহমান)
উপসচিব
ফোন: ৯৫১৪১৪২

মেয়র/প্রশাসক

.....পৌরসভা, জেলা.....।

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১৯.০০৬.১৯-

তারিখ: ০৬ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ।
২০ জুন, ২০২২ খ্রিস্টাব্দ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, বিএমডিএফ, গ্রামীণ ব্যাংক ভবন, মিরপুর-২, ঢাকা।
৪. উপসচিব, পৌর-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

২০/০৬/২০২২
(মো: আব্দুর রহমান)
উপসচিব